সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

একাদশ শ্রেণি সাময়িক পরীক্ষা-২০২১ খ্রি.

বিষয়ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

(বহু নির্বাচনী অভীক্ষা)

সময়ঃ ৩০ মিনিট পূর্ণমানঃ ৩০

[বি.দ্রঃ সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক, সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১]

১। নিচের কোনটি একমালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্য?
ক) আইনসৃষ্ট ব্যবসায়
খ) স্বাধীন সত্ত্বা
গ) মালিকের স্বাধীনতা
ঘ) নিশ্চিত স্থায়িত্ব

২। নিচের কোনটি ব্যবসায়ের নৈতিকতা বহির্ভূত?
ক) ন্যায্য মূল্যে পণ্য সরবরাহ করা
খ) একচেটিয়া প্রবণতা পরিহার করা
গ) মুনাফা বৃদ্ধিতে যে কোন উপায় অবলম্বন
ঘ) পরিবেশ রক্ষায় ভূমিকা

৩। মোবাইল ফোন অপারেটর কোন ধরনের শিল্প?
ক) যান্ত্রিক
খ) সংযোজন
গ) প্রস্তুত
ঘ) সেবা পরিবেশক

৪। মুসলিম অধ্যুষিত তুরস্কে প্রচুর ফল উৎপন্ন হলেও ইউরোপের অন্যান্য দেশের মত সেখানে মদ শিল্পের প্রসার ঘটেনি। এর জন্য ব্যবসায়ের কোন পরিবেশের প্রভাব বেশী?
ক) অর্থনৈতিক
খ) রাজনৈতিক
গ) সামাজিক
ঘ) আইনগত

নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:

করিম বি.এ. পাশ করার পর যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে সেলাই প্রশিক্ষণ গ্রহণ করে নিজ পাড়ায় একটি টেইলারিং দোকান দেয়। ভাল কাজ ও ব্যবহার এর কারণে গ্রাহকদের সাথে তার সুসম্পর্ক গড়ে উঠে। দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পেতে থাকে। ইতোমধ্যে যাবতীয় দায়-দেনা পরিশোধের পর তার প্রায় ৫০,০০০ টাকা লাভ হয়।

৫। করিমের ব্যবসায়টি কোন ধরনের?
ক) একমালিকানা
খ) অংশীদারী
গ) যৌথ উদ্যোগ
ঘ) সমবায়

৬। করিমের ব্যবসায় সফফ হওয়ার পেছনে প্রধান কারণ কোনটি?
ক) সহজ গঠন ও পরিচালনা
খ) ব্যক্তি স্বাধীনতা
গ) ব্যক্তিগত নৈপুণ্য ও প্রত্যক্ষ সম্পর্ক
ঘ) সীমিত আয়তন ও অবস্থানগত সুবিধা

৭। সাধারণ অংশীদারী ব্যবসায়ের সর্বোচ্চ সদস্য সংখ্যা কত?
ক) ৭
খ) ১০
গ) ২০
ঘ) ৫০

৮। ক, খ ও গ যথাক্রমে ২০,০০০, ৩০,০০০ ও ৫০,০০০ টাকা মূলধন দিয়ে চুক্তির মাধ্যমে অংশীদারী ব্যবসায় শুরু করে। চুক্তিতে যাবতীয় বিষয় উল্লেখ থাকলেও লাভ লোকসান বণ্টন হারের উল্লেখ ছিল না। বছর শেষে তাদের ৯০,০০০ টাকা মুনাফা হয়। 'খ' কত টাকা মুনাফা পাবে?

ক) ২৭,০০০

খ) ৩০,০০০

গ) ৪৫,০০০

ঘ) ৫০,০০০

৯। অংশীদারী ব্যবসায়ে একজন সাধারণ অংশীদারের দায় কীরূপ?

ক) সীমিত

খ) অসীম

গ) মুলধনের সমপরিমাণ

ঘ) প্রতিশ্রুতমূল্য পর্যন্ত

নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাওঃ

২০১২ সালে জাফর, জাবেদ ও জয়নাল চুক্তিবদ্ধ হয়ে দুই বছরের জন্য 'সোনালী ট্রেডার্স' নামে একটি ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপন করেন। প্রতিষ্ঠানটি উত্তরোত্তর সাফল্য লাভ করলে ও এর ভবিষ্যত নিয়ে তারা শংকিত।

১০। সোনালী ট্রেডার্স কোন ধরনের অংশীদারী ব্যবসায় সংগঠন?

ক) সীমাবদ্ধ

খ) ঐচ্ছিক

গ) নির্দিষ্ট

ঘ) অনির্দিষ্ট

১১। উদ্দীপকে উল্লিখিত সময়ের পর প্রতিষ্ঠানটির বিলোপসাধনের উপযুক্ত উপায় কী?

ক) সকলে একমত হয়ে

খ) বিশেষ ঘটনার প্রেক্ষিতে

গ) বাধ্যতামূলকভাবে

ঘ) আদালতের আদেশ অনুসারে

১২। কী কারণে একমালিকানা ব্যবসায়ের বিরুদ্ধে মামলা করা যায় না?

ক) অসীম দায়

খ) আইনগত সত্তার অভাব

গ) ক্ষুদ্র আয়তন

ঘ) একক মালিকানা

১৩। একমালিকানা ব্যবসায়ের অসুবিধা হলো-

i) ব্যক্তি সামর্থের সীমাবদ্ধতা

ii) সীমিত মূলধন

iii) পৃথক সত্তার অভাব

নিচের কোনটি সঠিক?

ক) i

খ) i ও ii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

১৪। গুদামজাতকরণ পন্যের কোন বাঁধাটি দূর করে?

ক) স্থানগত

খ) কালগত

গ) রূপগত

ঘ) অর্থগত

১৫। বাংলাদেশে পাট শিল্প গড়ে উঠার পিছনে পরিবেশের কোন উপাদান মূলত দায়ী?

ক) প্রাকৃতিক

খ) অর্থনৈতিক

গ) সামাজিক

ঘ) প্রযুক্তিগত

১৬। ব্যবস্থাপনা চক্র কোনটি?

ক) পরিকল্পনা → সংগঠন → নেতৃত্ব → নিয়ন্ত্রণ

খ) পরিকল্পনা →নেতৃত্ব → সংগঠন → নিয়ন্ত্রণ

গ) সংগঠন → পরিকল্পনা → নেতৃত্ব → নিয়ন্ত্রণ

ঘ) পরিকল্পনা → নিয়ন্ত্রণ → সংগঠন → নেতৃত্ব

১৭। ব্যবস্থাপনার কোন কাজটি অন্যান্য কাজের ভিত্তি?

ক) সংগঠন

খ) পরিকল্পনা

গ) নিয়ন্ত্রণ

ঘ) নেতৃত্ব

১৮। নেতৃত্ব দানের সাথে সম্পর্কিত-

i) নির্দেশনা

ii) প্রেষণা

iii) সমন্বয়

নিচের কোনটি সঠিক?

ক) i

খ) i ও ii

গ) i ও iii

ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাওঃ

জনাব আকবর একটি প্রতিষ্ঠানের মহাব্যবস্থাপক। তাঁর অধীনে ক্রয়, বিক্রয়, উৎপাদনসহ বিভিন্ন বিভাগে বিশেষজ্ঞ ব্যক্তিরা ব্যবস্থাপক হিসেবে কর্মরত রয়েছেন। বছর শেষে দেখা গেল উৎপাদন বিভাগে ২ লক্ষ ইউনিট পণ্য উৎপাদন হলেও বিক্রয় বিভাগ মাত্র ১ লক্ষ ২০ হাজার ইউনিট পণ্য বিক্রয় করতে সক্ষম হয়। ফলে প্রতিষ্ঠানটির বড় ধরনের লোকসানের সম্মুখীন হয়।

১৯। উদ্দীপকে বর্ণিত সংগঠন কাঠামোতে হেনরি ফেয়ল প্রদত্ত ব্যবস্থাপনার কোন নীতির প্রতিফলন ঘটেছে?

ক) আদেশের ঐক্য নীতি

খ) কার্যবিভাগের নীতি

গ) জোড়ামই শিকল নীতি

ঘ) শৃঙ্খলার নীতি

২০। ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণ করলে উদ্ভুত সমস্যাটি এড়ানো যেত

ক) ভারসাম্যের নীতি

খ) আদেশের ঐক্যের নীতি

গ) কর্তৃত্ব ও দায়িত্বের সমতার নীতি

ঘ) জোড়ামই শিকল নীতি

২১। পরিকল্পনার ব্যাপ্তি ব্যবস্থাপনার-

i) উচ্চ পর্যায়ে

ii) মধ্যম পর্যায়ে

iii) নিম্ন পর্যায়ে

নিচের কোনটি সঠিক?

ক) i

খ) i ও ii

গ) i ও iii

ঘ) i, ii ও iii

২২। সিদ্ধান্ত গ্রহণ ব্যবস্থাপনার কোন কাজের সাথে অধিকতর সম্পৃক্ত?

ক) পরিকল্পনা

খ) সংগঠন

গ) নেতৃত্ব

ঘ) নিয়ন্ত্রণ

নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাওঃ

সড়ক ও যোগাযোগ মন্ত্রণালয় কর্ণফুলি নদীর উপর একটি সড়ক সেতু নির্মাণের জন্য ২০১৫ সালে পরিকল্পনা গ্রহণ করে। ২০২২ সালে উক্ত সেতুর নির্মাণ কাজ সম্পন্ন হবে বলে আশা করা হচ্ছে। সেতুর নক্সাকরণের সময় ভবিষ্যতে রেলপথের চাহিদার কথা চিন্ত করে সেতুর উপর রেল লাইন স্থাপনের সুযোগ রাখা হয়েছে।

২৩। উদ্দীপকে বর্ণিত পরিকল্পনাটি মেয়াদের ভিত্তিতে কোন ধরনের?
ক) স্বল্প
খ) মধ্যম
গ) দীর্ঘ
ঘ) অসীম

২৪। উদ্দীপকে বর্ণিত রেলপথ স্থাপনের সুযোগটি পরিকল্পনার কোন বৈশিষ্ট্যের সাথে বেশী সম্পর্কিত?
ক) গ্রহণযোগ্যতা
খ) নমনীয়তা
গ) বাস্তবমুখিতা
ঘ) সুস্পষ্ট উদ্দেশ্য

২৫। হেনরি ফেয়ল প্রদত্ত ব্যবস্থাপনা মূলনীতি কয়টি?
ক) ১৩
খ) ১৪
গ) ১৫
ঘ) ১৬

২৬। সকল কর্মীর প্রতি সুবিচার করা ব্যবস্থাপনার কোন নীতির প্রতিফলন?
ক) একতাই বল
খ) নিয়মানুবর্তিতা
গ) সাম্যতা
ঘ) শৃঙ্খলা

২৭। বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে?
ক) হেনরি ফেয়ল
খ) এফ. ডব্লিউ টেইলর
গ) এডাম স্মীথ
ঘ) রবার্ট ওয়েল

২৮। কোন অংশীদার মূলধন বিনিয়োগ করে না?
ক) সাধারণ অংশীদার
খ) সীমাবদ্ধ অংশীদার
গ) নিষ্ক্রিয় অংশীদার
ঘ) কর্মী অংশীদার

২৯। আদেশদানের ক্ষেত্রে ধারাবাহিকতা রক্ষা করা ব্যবস্থাপনার কোন মূলনীতির সমার্থক?
ক) আদেশের ঐক্য
খ) নির্দেশনার ঐক্য
গ) সাম্য
ঘ) শৃঙ্খলা

৩০। একাধিক কর্মপন্থার মধ্য হতে সর্বোত্তম বিকল্পটি বেছে নেয়াকে কী বলা হয়?
ক) সিদ্ধান্ত গ্রহণ
খ) পরিকল্পনা
গ) পূর্বানুমান
ঘ) লক্ষ্য

সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

একাদশ শ্রেণি সাময়িক পরীক্ষা-২০২১ খ্রি.

বিষয়ঃ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

(সৃজনশীল প্রশ্ন)

সময়ঃ ২ ঘন্টা ৩০ মিনিট | পূর্ণমানঃ ৭০

ক-বিভাগ (ব্যবসায় পরিচিতি)

[দ্রষ্টব্যঃ ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগ থেকে কমপক্ষে তিনটি ও খ বিভাগ থেকে কমপক্ষে তিনটি সহ যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও]

১। বিপ্লবের একটি ফলের দোকান আছে। তিনি দেশের বিভিন্ন স্থান থেকে গ্রাহকদের চাহিদানুযায়ী উন্নতমানের ফল সংগ্রহ ও মজুত করেন এবং ন্যায্য মূল্যে, সঠিক ওজনে গ্রাহকদের নিকট বিক্রি করেন। তার ফলের প্রচুর চাহিদা আছে। পার্শ্ববতী দোকানদার কাশেম নিম্নমানের ফল কমদামে বিক্রি করেন এবং ফরমালিন ব্যবহার করে ফল সংরক্ষণ করেন। এতে তার প্রচুর লাভ হয়।

ক) শিল্প কী? ১

খ) সামাজিক ব্যবসায় বলতে কী বুঝায়? ২

গ) বিপ্লবের কার্যাবলী ব্যবসায়ের কোন শাখার আওতাভূক্ত? ৩

ঘ) কাশেমের কর্মকান্ড ব্যবসায়িক নৈতিকতা ও সামাজিক দায়িত্বের সাথে সামঞ্জস্যপূর্ণ কি না? মন্তব্য কর। ৪

২। শফিক পাঁচ লক্ষ টাকা মূলধন বিনিয়োগ করে একটি রেস্টুরেন্ট ব্যবসায় শুরু করেন। সম্প্রতি ক্রমাগত লোকসান হওয়ায় তিনি রেস্টুরেন্টটি বন্ধ করে দেয়ার সিদ্ধান্ত নেন। ইতিমধ্যে তার আটলক্ষ টাকা ব্যবসায়িক দেনা হয়েছে। দেনা পরিশোধের আর কোন উপায় না থাকায় তিনি রেস্টুরেন্টটির পজেশন ও সব আসবাবপত্র বিক্রি করে দেন। এতে তিনি এক লক্ষ টাকা নগদ পান। তার পৈতৃকসূত্রে প্রাপ্ত কিছু জমি আছে যার বাজারমূল্য আনুমানিক বিশ লক্ষ টাকা।

ক) জনসংখ্যা ব্যবসায়ের কোন পরিবেশের উপাদান? ১

খ) ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশ বলতে কী বুঝ? ২

গ) জনাব শফিকের ব্যবসায়ের ধরনটি ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত জনাব শফিকের সম্পদের উপর ব্যবসায়িক দেনা পরিশোধের প্রভাব মূল্যায়ণ কর। ৪

৩। রুবি, রুমি, রুনু ও সিনু চার বান্ধবী মিলে একটি বুটিকশপ চালাবার জন্য চুক্তিবদ্ধ হয়। সিনু বুটিকশপে কোন মূলধন বিনিয়োগ করেননি কিন্তু তার পূর্ব অভিজ্ঞতা থাকায় ব্যবসায় পরিচালনায় প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করেন। বুটিক শপটি ভালো চলছে। পরে রুনু স্থায়ীভাবে আমেরিকায় চলে যাওয়ায় তার ১৬ বছরের ছেলে অভিকে ব্যবসায় অন্তর্ভূক্ত করতে বাকি ৩ জন সম্মত হয়। এক বছর পর প্রতিষ্ঠানের ৫০,০০০ টাকা লোকসান হয়। কিন্তু অভি কোন দায় নেয় না।

ক) অংশীদারী চুক্তিপত্র কী? ১

খ) অংশীদারী ব্যবসায়ের নিবন্ধন কি বাধ্যতামূলক? ২

গ) উদ্দীপকে বর্ণিত বুটিক শপটি কোন ধরনের ব্যবসায় সংগঠন? ৩

ঘ) অভি'র দায় অস্বীকারের যৌক্তিকতা মূল্যায়ণ কর। ৪

৪। জনাব শামীম ও তার তিন বন্ধু মিলে কুড়িগ্রামে একটি ব্যবসায় স্থাপন করেন। এলাকার বেশির ভাগ লোকই দরিদ্রপীড়িত। এ প্রতিষ্ঠানের অন্যতম উদ্দ্যেশ্য হল বিশেষ সামাজিক, নৈতিক ও পরিবেশগত উদ্দেশ্য বাস্তবায়ন করা। প্রতিষ্ঠানটি প্রচুর মুনাফা অর্জন করছে। ব্যবসায়ের অর্জিত মুনাফা থেকে সদস্যদের বিনিয়োগকৃত মূলধন ফেরত দেয়ার পর অবশিষ্ট মুনাফা প্রতিষ্ঠানের উন্নয়ন এবং তার গ্রামের ৬-১২ বছর বয়সী শিশুদের প্রাথমিক শিক্ষা ও পুষ্টি নিশ্চিতকরণ এবং এলাকার প্রসূতি মা'দের নিরাপদ সন্তান জন্মদানের লক্ষ্যে বিনিয়োগ করেন।

ক) ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১

খ) বাণিজ্যের মাধ্যমে কীভাবে কালগত বাধা দূর হয়? ২

গ) জনাব শামীমের প্রতিষ্ঠিত ব্যবসায়টি কোন ধরনের? ৩

ঘ) তুমি কি মনে কর শামীমদের প্রতিষ্ঠিত ব্যবসায়টি দেশের দারিদ্রতা দূরীকরণে অবদান রাখতে সক্ষম? যুক্তিসহ বর্ণনা কর। ৪

৫। জনাব রহিম গাজীপুরে একটি গার্মেন্টস কারখান স্থাপন করেন। গাজীপুরে দক্ষ পোশাক শ্রমিক ও স্থানীয়ভাবে বাজারজাতকরণের সুবিধা রয়েছে। প্রতিষ্ঠানটি প্রথমদিকে মূলধনের সংকটে পড়ে এবং স্থানীয় একটি ব্যাংকের সাথে যোগাযোগ করে সমস্যার সমাধান করে। বর্তমানে প্রতিষ্ঠানটি সুনামের সাথে লাভজনকভাব ব্যবসায় পরিচালনা করছে।

ক) একমালিকানা ব্যবসায় কী? ১

খ) এক মালিকানা ব্যবসায়ের অসীম দায় বলতে কি বুঝ? ২

গ) জনাব রহিম গাজীপুরে কারখানা স্থাপনে পরিবেশের কোন উপাদানকে বিবেচনা করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি মনে কর, প্রতিষ্ঠানটির সফলতা অর্জনে ব্যবসায় পরিবেশের প্রভাব রয়েছে? উদ্দীপকের আলোকে আলোচনা কর। ৪

৬। জনাব 'x' একটি বস্ত্র কারখানার মালিক। বিশ্বের বিভিন্ন দেশ থেকে সূতা এনে বস্ত্র তৈরি করেন এবং চাহিদা অনুযায়ী দেশের বিভিন্ন স্থানে বিক্রির জন্য গুদামজাত করেন। প্রতিষ্ঠানটিতে অত্যাধুনিক বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি ব্যবহার করে পরিবেশকে যথাসম্ভব দূষণমুক্ত রাখতে চেষ্টা করেন। সম্প্রতি কারখানা সংলগ্ন এলাকায় একটি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করেন।

ক) চুক্তির অবর্তমানে অংশীদারী ব্যবসায়ে মুনাফা কিভাবে বণ্টিত হয়? ১

খ) চুক্তিকে অংশীদারী ব্যবসায়ের মূলভিত্তি বলা হয় কেন? ২

গ) উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? ৩

ঘ) তুমি কি মনে কর প্রতিষ্ঠানটি সমাজের প্রতি তাদের সামাজিক দায়িত্ব পালন করেছে? যুক্তিসহ মন্তব্য কর। ৪

খ-বিভাগ (ব্যবস্থাপনা)

৭। জনাব আলম একটি প্রতিষ্ঠানের মহা ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের শীর্ষ পর্যায়ের যাবতীয় কর্ম পরিকল্পনা, নীতি নির্ধারণ ও সিদ্ধান্ত গ্রহণে প্রতিষ্ঠানে অনেক শ্রমিক কাজ করেন। কামাল সাহেব তাদের কাজ দেখাশুনা করেন।

ক) ব্যবস্থাপনার প্রথম কাজ কোনটি? ১

খ) প্রশাসন বলতে কী বুঝায়? ২

গ) উদ্দীপকে বর্ণিত কামাল সাহেব ব্যবস্থাপনার কোন স্তরে অবস্থান করেন? ৩

ঘ) "উদ্দীপকে আলম সাহেব কর্তৃক সম্পাদিত কার্যাবলি প্রশাসনের অন্তর্ভূক্ত"- তুমি কি এর সাথে একমত? ব্যাখ্যা কর। ৪

৮। জনাব করিম একটি রপ্তানীমুখী গার্মেন্টস কারখানার বিপণন ব্যবস্থাপক। বছরের শুরুতেই তিনি বিভাগীয় পরিকল্পনা নিয়ে তা বাস্তবায়নের লক্ষ্যে প্রতিমাসে বিভাগ সংশ্লিষ্ট অধস্তনদের নিয়ে সভা করেন এবং আগের করণীয়

নির্দেশের সাথে মিল রেখে পরবর্তী করণীয় নির্ধারণ করে নেন। তিনি চান যে তার অধস্তন নির্বাহীরা তদের কাজ নিয়ে ভাববে, পরামর্শ দেবে। এজন্য তিনি এ ব্যাপারে কর্মীদের যথেষ্ট স্বাধীনতা দেন। ফলে কর্মীদের মধ্যে নিজেদের কাজ নিয়ে উদ্যম পরিলক্ষিত হচ্ছে।

ক) ব্যবস্থাপনা চক্র কাকে বলে? ১

খ) "ব্যবস্থাপনা সার্বজনীন"- বুঝিয়ে বল ২

গ) জনাব করিম করণীয় নির্দেশের ক্ষেত্রে হেনরি ফেয়লের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) জনাব করিম অধস্থনদের পরিচালনায় হেনরি ফেয়লের যে নীতি অনুসরণ করেছেন তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯। জনাব জারিফ সম্প্রতি "বাংলা এয়ারওয়েজের" ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নিয়োগ পেয়েছেন। তিনি প্রতিষ্ঠানে যোগদান করে দেখলেন এয়ারওয়েজটি বর্তমানে লোকসানে সম্মুখীন। তিনি সবকিছু বিবেচনা করে বার্ষিক ১০% যাত্রী বৃদ্ধির টার্গেট ঠিক করলেন। সাথে সাথে প্রতিষ্ঠানের জন্য দক্ষ লোকবল নিয়োগে ২০% পাইলট ও ক্রু বিদেশ থেকে নিয়োগের প্রস্তাব করেন। পরিচালক পর্ষদ এ সকল প্রস্তাব অনুমোদন করে এবং বিভিন্ন গন্তব্যস্থল আরও সম্প্রসারণ করার জন্য দুটি নতুন এয়ারক্র্যাফট ক্রয়ের সিদ্ধান্ত নিল।

ক) আদেশের ঐক্য নীতি কী? ১

খ) আদেশের ঐক্যনীতি ও নির্দেশনার ঐক্য নীতির মধ্যে পার্থক্য নির্দেশ কর। ২

গ) উদ্দীপকে বর্ণিত বার্ষিক ১০% যাত্রী বৃদ্ধি প্রকৃতির ভিত্তিতে কোন ধরনের পরিকল্পনা? ব্যাখ্যা কর। ৩

ঘ) লোকবল নিয়োগের নীতিমালা ও নতুন এয়ারক্র্যাফট ক্রয়ের সিদ্ধান্ত দুটি প্রকৃতিগতভাবে এই ধরনের পরিকল্পনার মাধ্যমে বাস্তবায়ন সম্ভব বলে কী তুমি মনে কর? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

১০। জনাব শরমিন একটি বৃহদায়তন প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী। প্রতিষ্ঠানে নিয়োজিত সকল মানবীয় ও বস্তুগত সম্পদ যথাযথ ব্যবহারে তিনি আন্তরিক। শ্রমিক-কর্মীদের যোগ্যতা অনুযায়ী দায়িত্ব ও কর্তৃত্ব সঠিকভাবে নিরূপণ পূর্বক বুঝিয়ে দেয়ার ফলে প্রতিষ্ঠানে জবাবদিহিতার পরিবেশ সৃষ্টি হয়েছে। প্রতিষ্ঠানের সকল পর্যায়ে কর্মরত ব্যক্তি ও বিভাগের মধ্যকার সম্পর্ক ও তিনি নির্দেশ করেন। ফলে কে কার অধীন তা সহজেই বুঝা যায়। এতে তার প্রতিষ্ঠানের উত্তরোত্তর উন্নতি হচ্ছে।

ক) একার্থক পরিকল্পনা কাকে বলে? ১

খ) 'পরিকল্পনা একটি চিন্তন-মনন প্রক্রিয়া'- ব্যাখ্যা কর। ২

গ) জনাব শরমিন কোন স্তরের ব্যবস্থাপক? ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত জনাব শরমিন এর গৃহীত ব্যবস্থাপকীয় কার্যটি প্রতিষ্ঠানের সফলতা অর্জনে কতটুকু সহায়ক যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১১। ABC একটি বৃহদায়তন প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির কর্মীরা মাঝে মধ্যে একই সময়ে ভিন্ন ভিন্ন আদেশ পায়। ফলে কার্যসম্পাদনে বিঘ্ন ঘটে। তাছাড়া বিভিন্ন সময়ে উর্ধ্বতন কর্মকর্তাদের কাছ থেকে প্রাপ্ত নির্দেশনার মধ্যে ধারাবাহিকতা থাকে না। উর্ধ্বতন কর্মকর্তারা অতিরিক্ত কর্মভার আক্রান্ত হওয়ায় তত্ত্বাবধানে পর্যাপ্ত সময় দিতে পারছেন না। ফলে প্রতিষ্ঠানের সার্বিক উৎপাদনশীলতা হ্রাস পাচ্ছে।

ক) সিদ্ধান্ত গ্রহণ কী? ১

খ) 'সিদ্ধান্ত গ্রহণ সঠিক তথ্য সংগ্রহের উপর অনেকাংশে নির্ভরশীল'- ব্যাখ্যা কর। ২

গ) ব্যবস্থাপনার কোন নীতির অনুপস্থিতিতে কর্মীদের কার্যসম্পাদনে বিঘ্ন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রতিষ্ঠানটির বিদ্যমান সমস্যা উত্তরণে ব্যবস্থাপনার কোন কোন নীতি বাস্তবায়ন যুক্তিযুক্ত? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

একাদশ শ্রেণির সাময়িক পরীক্ষা- ২০২১ খ্রি.

পৌরনীতি ও সুশাসন

সময়ঃ ৩০ মিনিট | পূর্ণমানঃ ৩০

বহুনির্বাচনী প্রশ্ন

[বি.দ্রঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপতে বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান -১]

১। পৌরনীতির ইংরেজি প্রতিশব্দ কী?

ক) Civics

খ) Civitas

গ) Folis

ঘ) Civics

২। Civics শব্দের উদ্ভব বা উৎপত্তি কোন ভাষা থেকে?

ক) ইংরেজি

খ) ফরাসি

গ) ল্যাটিন

ঘ) জার্মান

৩। 'সিভিস' শব্দের বাংলা অর্থ কী?

ক) নাগরিকতা

খ) নগররাষ্ট্র

গ) নাগরিক

ঘ) নগর

৪। পৌরনীতি ও সুশাসন কোন ধরনের বিজ্ঞান?

ক) রাজনৈতিক

খ) অর্থনৈতিক

গ) সামাজিক

ঘ) সাংস্কৃতিক

৫। পৌরনীতি ও সুশাসনের বিষয়বস্তু হলো-

i) সার্বভৌমত্ব

ii) রাষ্ট্র

iii) সরকারের শ্রেণিবিভাগ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

৬। উৎপত্তিগত অর্থে Governance শব্দটি কোন ভাষা থেকে এসেছে-

ক) ল্যাটিন

খ) গ্রীক

গ) হিব্রু

ঘ) ফারসি

৭। The Republic গ্রন্থটির লেখক কে?

ক) এরিস্টটল

খ) প্লেটো

গ) মন্টেস্কু

ঘ) ই.এস. হোয়াইট

৮। সর্বপ্রথম কত সালে সুশাসন প্রত্যয়টি ব্যবহার করা হয়?

ক) ১৯৮৮

খ) ১৯৮৯

গ) ১৯৯৮

ঘ) ১৯৯৯

৯। সুশাসনের পূর্বশর্ত কী?

ক) সরকারের শাসন

খ) নেতার শাসন

গ) জনগণের শাসন

ঘ) আইনের শাসন

১০। জাতিসংঘের কোন প্রতিষ্ঠান সুশাসনের সংজ্ঞা প্রদান করেছে-

ক) UNESCO

খ) UNDP

গ) UNICEF

ঘ) UNHCR

১১। আইন শব্দটি কোন ভাষার শব্দ?

ক) বাংলা

খ) আরবি

গ) ফার্সি

ঘ) উর্দু

১২। আইনের ইংরেজি প্রতিশব্দ কী?

ক) Leg

খ) Law

গ) Lag

ঘ) Log

১৩। কোন দার্শনিক আইনের সংজ্ঞা দিয়েছেন?

ক) সক্রেটিস

খ) জ্যাঁক রুশো

গ) অস্টিন

ঘ) টিএইচ গ্রীন

১৪। লর্ড ব্রাইসের মতে কয়টি কারণে মানুষ আইন মেনে চলে?

ক) ৩

খ) ৫

গ) ৭

ঘ) ৯

১৫। সভ্য সমাজের মানদন্ড কোনটি?

ক) গণতন্ত্র

খ) বিচার ব্যবস্থা

গ) সংবিধান

ঘ) আইনের শাসন

১৬। ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি গঠিত হয় কত সালে?

ক) ১৫০০

খ) ১৬০০

গ) ১৭০০

ঘ) ১৭৫০

১৭। নবাব সিরাজউদ্দৌলা কত সালে বাংলা বিহার-উড়িষ্যার নবাব হন?

ক) ১৫৫৬

খ) ১৬৫৬

গ) ১৭৫৬

ঘ) ১৭৬৫

১৮। পলাশীর যুদ্ধ কত সালে সংগঠিত হয়?

ক) ১৫৫৭

খ) ১৬৫৭

গ) ১৭৫৭

ঘ) ১৭৬৫

১৯। চিরস্থায়ী বন্দোবস্ত হয় কত সালে?

ক) ১৬৯৩

খ) ১৭৯৩

গ) ১৭৬৫

ঘ) ১৮৫৭

২০। লাহোর প্রস্তাব উত্থাপিত ১৯৪০ সালে কোন তারিখে?

ক) ১৩ মার্চ

খ) ২৩ মার্চ

গ) ৩০ মার্চ

ঘ) ২৬ মার্চ

২১। পাকিস্তানের শতকরা কতজন লোকের ভাষা ছিল বাংলা?

ক) ৫৬.৪০%

খ) ২৮.৫৫%

গ) ৫.৪৮%

ঘ) ৩.৩৭%

২২। যুক্তফ্রন্টের কর্মসূচি ছিল কত দফা ভিত্তিক?

ক) ৬

খ) ৭

গ) ১১

ঘ) ২১

২৩। উক্ত আন্দোলনের দ্বারা প্রকাশিত হয়েছে-

i) জাতীয়তাবাদের বিকাশ

ii) স্বাধীনতার চেতনাবোধ

iii) ভাষার প্রতি মূল্যবোধ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

২৪। যুক্তফ্রন্টের ২১ দফার মূল দফা কি ছিল?

ক) পূর্ব পাকিস্তানের স্বাধীনতা

খ) রাষ্ট্রপতি শাসিত সরকার

গ) পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন

ঘ) বাংলাকে রাষ্ট্রভাষা করা

২৫। পাকিস্তানের প্রথম সামরিক আইন জারি করা হয় কত সালে?

ক) ১৯৫৮

খ) ১৯৫৯

গ) ১৯৬০

ঘ) ১৯৬১

২৬। ইস্ট ইন্ডিয়া কোম্পানির বিরুদ্ধে কে প্রথম 'গণ বিদ্রোহ' গড়ে তোলেন?

ক) স্যার সৈয়দ আহমেদ

খ) হাজী শরিয়তুল্লাহ

গ) তিতুমীর

ঘ) মাওলানা ভাসানী

২৭। তিতুমীর কত সালে জন্মগ্রহণ করেন?

ক) ১৭৭৬

খ) ১৭৮৬

গ) ১৭৯৬

ঘ) ১৭৯৮

২৮। মুসলিমলীগ প্রতিষ্ঠায় প্রধান ভূমিকা কার?

ক) নবাব স্যার সলিমুল্লাহ

খ) এ.কে. ফজলুল হক

গ) হোসেন শহিদ সোহরাওয়ার্দী

ঘ) মাওলানা আব্দুল হামিদ খান ভাসানি

২৯। খাঁটি দেশপ্রেমিক ছিলেন-

i) তিতুমীর

ii) সোহরাওয়ার্দী

iii) শেখ মুজিবুর রহমান

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

৩০। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে জন্মগ্রহণ করেন?

ক) ১৯১৯

খ) ১৯২০

গ) ১৯২১

ঘ) ১৯২২

সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

একাদশ শ্রেণির সাময়িক পরীক্ষা ২০২১ খ্রি.

পৌরনীতি ও সুশাসন (সৃজনশীল প্রশ্ন)

সময়ঃ ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমানঃ ৭০

[দ্রষ্টব্যঃ ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোন (সাতটি) প্রশ্নের উত্তর দিতে হবে]

১। একাদশ শ্রেণির পঠিতব্য বিষয়গুলোর মধ্যে রফিকের খুব ভালো লাগে একটি বিষয় যা নাগরিক ও নগররাষ্ট্র নিয়ে আলোচনা করে। ক্লাসে জব্বার স্যার যখন সুন্দরভাবে নাগরিক অধিকার, কর্তব্য, সাম্য, স্বাধীনতা সম্পর্কে আলোচনা করেন তখন সে নিজের অবস্থান নির্ধারণ করার ও চেষ্টা করে।

ক) Civitas শব্দের অর্থ কী? ১

খ) পৌরনীতি বলতে কী বুঝ? ২

গ) উদ্দীপকে জব্বার স্যারের ক্লাস রফিককে আকৃষ্ট করে কেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) 'শুধু রফিক নয়, সকল নাগরিকেরই এরূপ বিষয় অধ্যয়ন করা প্রয়োজন'- তুমি কি একমত? ৪

২। নিচের ছকটি পড় এবং তৎসংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।



ক) পৌরনীতির ইংরেজি প্রতিশব্দ কী এবং তা এসেছে কোন ভাষার কোন শব্দ থেকে? ১

খ) সুনাগরিকতা অর্জনে পৌরনীতি ও সুশাসন পাঠ কেন গুরুত্বপূর্ণ? ২

গ) উপরের উদ্দীপকটি পৌরনীতি ও সুশাসনে যে চিত্র তুলে ধরেছে তার স্বরূপ ব্যাখ্যা কর। ৩

ঘ) পৌরনীতি ও সুশাসন পাঠ নাগরিক জীবনকে কীভাবে প্রভাবিত করে? যুক্তি দিয়ে বোঝাও। ৪

৩। কবির সাহেব একটি উন্নয়নশীল দেশের নাগরিক। দেশটিতে আইনের শাসনের অনুপস্থিতি, রাজনৈতিক অস্থিরতা, দুর্নীতি, সন্ত্রাশ, মানসম্মত শিক্ষার অভাব প্রভৃতি সমস্যা বিদ্যমান। বর্তমান সময়ে দেশটিতে গণতন্ত্রমনা রাজনৈতিক দলগুলো এসব সমস্যার সমাধানে বেশ আগ্রহী। এমনকি দেশটিতে সচেতন জনগণ ও এ ব্যাপারে ইতিবাচক।

ক) সুশাসন কী? ১

খ) আইনের শাসন বলতে কী বোঝায়? ২

গ) আইনের শাসন প্রতিষ্ঠায় কবির সাহেবের দেশটিতে বিদ্যমান সমস্যাগুলোর প্রভাব বর্ণনা কর। ৩

ঘ) উক্ত সমস্যা সমাধানে সরকারের ভূমিকা ব্যাখ্যা কর। ৪

৪। জন কেরির দেশে নারী-পুরুষের বৈষম্য নেই। তারা সকলেই স্বাধীনভাবে মত প্রকাশ করতে পারে। এখানে রাজনৈতিক স্থিতিশীলতা, আইনের শাসন বিদ্যমান, রাজনীতিতে সামরিক হস্তক্ষেপ ও স্বজনপ্রীতি নেই। নাগরিকরা দেশের আইন মেনে চলে। স্থানীয় ও জাতীয় পর্যায়ে রাজনৈতিক ও প্রশাসনিক কর্মকান্ডে অংশগ্রহণ করে।

ক) আইনসভা কী? ১

খ) নিয়মতান্ত্রিক রাজতন্ত্র বলতে কী বুঝায়? ২

গ) জন কেরির দেশে কোন ধরনের শাসন বিদ্যমান? এ শাসনের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত 'শাসনব্যবস্থা দোষ-ত্রুটির উর্ধ্বে নয়”- বিশ্লেষণ কর। ৪

৫। রুপা ও নীপা নামে দুই মেয়ে এবং আবিদ নামে এক ছেলে রেখে মৃত্যুবরণ করেন মোঃ আব্দুল আজিজ। পিতার মৃত্যুর পর রুপা ও নীপা ভাইয়ের কাছে পিতার সম্পত্তি দাবি করে। আবিদ তাদের অংশ দিতে অস্বীকৃতি জানায়। এতে তারা আদালতে যায়। আদালতের আদেশে তারা তাদের পিতার সম্পত্তির অধিকার অর্জন করে।

ক) মানবাধিকার কী? ১

খ) কীভাবে মানবাধিকার রক্ষা করা যায়? ২

গ) উদ্দীপকে রূপা ও নীপা যে আইন বলে তাদের পিতার সম্পত্তির অধিকার অর্জন করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) আদালতের রায় সমাজে কিরূপ প্রভাব ফেলবে? ব্যাখ্যা কর। ৪

৬। জামিলের বন্ধু জেমস সম্প্রতি বাংলাদেশে বেড়াতে এসেছে। একদিন দুই বন্ধু শহরে মোটর-সাইকেলে বেড়ানোর সময় জামিল ট্রাফিক পুলিশের সামনে ইচ্ছাকৃত ট্রাফিক আইন লঙ্গন করে। বিষয়টি জেমসকে হতবাক করে।

ক) ই-গভর্নেন্স কী? ১

খ) আইন কাকে বলে? ২

গ) জেমসের হতবাক হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) জামিলের আচরণ সমর্থনযোগ্য নয় কেন? মতামত দাও। ৪

৭। বঙ্গভঙ্গ রদ হওয়ার পর ভারতীয় মুসলমানেরা বেশ হতাশ হয়ে পড়ে। সাম্প্রদায়িক সম্প্রীতির অবনতি ঘটে। ফলে তারা তাদের জন্য পৃথক আবাসভূমির প্রয়োজনীয়তা অনুভব করে। মুসলিম নেতৃবৃন্দ এই লক্ষ্যে একটি প্রস্তাব পেশ করেন। উক্ত প্রস্তাবে স্বাধীন বাংলাদেশের স্বপ্ন আঁকা ছিল।

ক) পলাশীর যুদ্ধ হয় কত সালে? ১

খ) ৩রা জুন পরিকল্পনা কী? ২

গ) উদ্দীপকে যে ঐতিহাসিক প্রস্তাবের কথা বলা হয়েছে তার মূল্য বৈশিষ্ট্য আলোচনা কর। ৩

ঘ) উক্ত প্রস্তাবে কিভাবে স্বাধীন বাংলাদেশের স্বপ্ন আঁকা ছিল- ব্যাখ্যা কর। ৪

৮। ঔপনিবেশিক শাসন ও নির্যাতনের যাতাকালে নিষ্পেষিত ‘M’ রাষ্ট্রের জনগণ দীর্ঘদিন যাবৎ স্বাধীনতার জন্য আন্দোলন করে চলেছে। গণআন্দোলনে বাধ্য হয়ে শাসকগোষ্ঠী একটি নতুন আইন প্রণয়ন করে দুভাগে ভাগ করে দুটি পৃথক রাষ্ট্রের জন্ম দিয়ে দেশ ত্যাগ করে।

ক) মন্ত্রিমিশন পরিকল্পনার সদস্য সংখ্যা কত জন? ১

খ) বঙ্গভঙ্গ বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকের সাথে তোমার পঠিত কোনো আইনের সাথে সাদৃশ্য আছে কি? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ আইনের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৯। তিউনিশিয়ার জনগণ দুই দশকের বেশি সময় ধরে ক্ষমতায় আঁকতে থাকা প্রেসিডেন্ট জাইন আল আবেদীন বেন আলির পদত্যাগের দাবিতে আন্দোলন শুরু করে। ফলে জনগণের উপর সরকারের নির্যাতন বেড়ে যায়। আরব বসন্ত নামে পরিচিত এই আন্দোলন এক পর্যায়ে গণঅভ্যুত্থানে রূপ নেয়।

ক) কত তারিখে মুজিবনগর সরকার গঠিত হয়েছে? ১

খ) বাঙালির ম্যাগনাকার্টা বলা হয় কোন কর্মসূচীকে এবং কেন? ২

গ) উদ্দীপকের আন্দোলনের সাথে পাকিস্তানের কোন আন্দোলনের সাদৃশ্য রয়েছে?- ব্যাখ্যা কর। ৩

ঘ) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ে উক্ত আন্দোলনের তাৎপর্য বর্ণনা কর। ৪

১০। ‘Y’ রাষ্ট্রের জনগণ তাদের মাতৃভাষাকে অন্যতম রাষ্ট্রভাষা প্রতিষ্ঠার জন্য দাবি করে আসছিল। শাসকগোষ্ঠী তা কোনোক্রমেই মানতে রাজি নয়। অবশেষে সমগ্র জনগোষ্ঠী মাতৃভাষাকে রাষ্ট্রভাষা প্রতিষ্ঠার দাবিতে ঐক্যবদ্ধ হয়। শ্লোগানে শ্লোগানে রাজপথ মুখরিত করে রাখে। শাসকগোষ্ঠী এ দাবী মেনে না নিয়ে শান্তিপ্রিয় নিরীহ জনগোষ্ঠীর উপর আক্রমণ চালিয়ে তাদের হতাহত করে। অবশেষে তীব্র আন্দোলনের মুখে শাসকগোষ্ঠী দাবি মানতে বাধ্য হয়।

ক) যুক্তফ্রন্ট গঠিত হয় কত সালে? ১

খ) দ্বি-জাতি তত্ত্ব বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকের ঘটনার সাথে তোমার পাঠ্যপুস্তকে বর্ণিত যে আন্দোলনের মিল আছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লিখিত আন্দোলনের তাৎপর্য মূল্যায়ন কর। ৪

১১। শামসুল হুদা একজন সৎ ও সাহসী ব্যক্তি। অন্যায়ের বিরুদ্ধে তিনি সব সময় সোচ্চার। অত্যাচারী জমিদার ও সুদখোর মহাজনদের হাত থেকে জনগণকে রক্ষার জন্য তিনি একটি বাহিনী গড়ে তোলেন এবং তাদের প্রশিক্ষণের জন্য একটি দূর্গ প্রতিষ্ঠা করেন।

ক) কত সালে ‘বেঙ্গল প্যাক্ট’ চুক্তি স্বাক্ষরিত হয়? ১

খ) ‘বেঙ্গল প্যাক্ট’- বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকের সাথে তোমার পঠিত কোনো মহান নেতার সাদৃশ্য আছে কি? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ ব্যক্তিত্বের আন্দোলনের কারণে ব্রিটিশ বিরোধী আন্দোলন গতি লাভ করে বিশ্লেষণ কর। ৪

সাতকানিয়া সরকারি কলেজ

একাদশ শ্রেণির সাময়িক পরীক্ষা ২০২১ খ্রি.

বিষয়ঃ পদার্থ বিজ্ঞান

সময়ঃ ২৫ মিনিট পূর্ণমানঃ ২৫ মিনিট

বহুনির্বাচনী অভীক্ষা

[বিঃদ্রঃ সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলমদ্বারা সম্পূর্ণ কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১। পরীক্ষা দ্বারা প্রমাণিত অনুকল্পকে বলে-

ক) নীতি

খ) স্বীকার্য

গ) সূত্র

ঘ) তত্ত্ব

২। আলোকবর্ষ কিসের একক?

ক) সময়

খ) দূরত্ব

গ) ত্বরণ

ঘ) বেগ

৩। কোন গোলকের ব্যাসার্ধের প্রকৃতমান 3cm এবং পরিমাপ্য মান 2.98cm , গোলকটির আয়তন পরিমাপে শতকরা ত্রুটি কত?

ক) 0.02%

খ) 0.666%

গ) 0.66%

ঘ) 2%

৪। মৌলিক এককগুলো-

i) মিটার ও কেলভিন

ii) সেকেন্ড ও অ্যাম্পিয়ার

iii) ক্যান্ডেলা ও মৌল

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

৫। দুটি সমান মানের বলে লব্ধির মান যে কোন একটি বলের মানের সমান হলে বল দুটি মধ্যবর্তী কোণ হবে-

ক) 0°

খ) 60°

গ) 90°

ঘ) 120°

৬। m-এর মান কত হলে $\vec{p} = 4\hat{\imath} + m\hat{\jmath}$ এবং $\vec{Q} = 8\hat{\imath} - 4\hat{\jmath} + 9\hat{k}$ পরস্পরের সাথে লম্ব হবে?

ক) 8

খ) 6

গ) 4

ঘ) -4

৭। $(\hat{\imath} \times \hat{\jmath}) \times \hat{k} =?$

ক) $\hat{\imath}$

খ) $\hat{\jmath}$

গ) $\hat{k}$

ঘ) 0

৮। $\vec{A} = 2\vec{i} + \hat{j} - 3\hat{k}$ ও $\vec{B} = \hat{4j} - \hat{k}$ ভেক্টরদ্বয়ের স্কেলার গুণফল কত?

ক) 3

খ) 7

গ) 9

ঘ) 11

৯। স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তুর নির্দিষ্ট সময় অন্তে প্রাপ্ত বেগ ঐ সময়ের-

ক) ব্যস্তানুপাতিক

খ) সমানুপাতিক

গ) বর্গের সমানুপাতিক

ঘ) বর্গের ব্যস্তানুপাতিক

১০। একটি বস্তুকে 196ms^{-1} বেগে খাড়া ওপরের দিকে নিক্ষেপ করা হলো। 20s পরে বেগ হবে-

ক) 0 ms^{-1}

খ) 10 ms^{-1}

গ) 50 ms^{-1}

ঘ) 60 ms^{-1}

১১। কোন বন্ধুকের গুলি কোনো দেয়ালের মধ্যে 1M প্রবেশ করার পর অর্ধেক বেগ হারায়। গুলিটি দেয়ালের মধ্যে আর কতদূর প্রবেশ করবে?

ক) $\frac{1}{3}m$

খ) $\frac{2}{3}m$

গ) $\frac{1}{4}m$

ঘ) $\frac{1}{8}m$

১২। স্থির অবস্থা থেকে কোনো বস্তুকণা সুষম ত্বরণে অণুভূমিক সরল রেখা বরাবর যাত্রা শুরু করলো। চতুর্থ ও তৃতীয় সেকেন্ডে অতিক্রান্ত দূরত্বের অনুপাত হবে-

ক) $\frac{4}{3}$

খ) $\frac{26}{9}$

গ) $\frac{7}{5}$

ঘ) 2

১৩। সময়ের ব্যবধান শূণ্যের কাছাকাছি হলে বস্তুর সরণের হারকে বলা হয়-

ক) অসমবেগ

খ) তাৎক্ষণিক বেগ

গ) গড়বেগ

ঘ) সুষম বেগ

১৪। কোণিক ভরবেগের মাত্রা সমীকরণ নিচের কোনটি?

ক) MLT^{-1}

খ) ML^{2}T

গ) ML^{2}T^{-1}

ঘ) ML^{2}T^{-2}

১৫। একটি চাকার ভর 10ks এবং চক্রগতির ব্যাসার্ধ 0.5m। জড়তার ভ্রামক কত?

ক) 0.5 Kgm^{2}

খ) 4 Kgm^{2}

গ) 2.5 Kgm^{2}

ঘ) 2.0 Kgm^{2}

১৬। ঘর্ষণ বল ও বস্তুর বেগের মধ্যেকার কোণ কত?

ক) π

খ) $\frac{\pi}{2}$

গ) $\frac{\pi}{4}$

ঘ) 0°

১৭ কোনো দেয়াল ঘড়ি সেকেন্ডের কাঁটার প্রান্তের রৈখিক বেগ-

ক) 3.14 ms^{-1}

খ) 3.14×10^{-1} ms^{-1}

গ) 3.14×10^{-2} ms^{-1}

ঘ) 3.14×10^{-3} ms^{-1}

১৮। মহাকর্ষীয় ধ্রুবকের মান,

ক) 6.673×10^{-11} Nm^2ks^{-2}

খ) 6.673×10^{-12} Nm^2ks^{-2}

গ) 6.673×10^{-15} Nm^2ks^{-2}

ঘ) 6.673×10^{-19} Nm^2ks^{-2}

১৯। পৃথিবীর কেন্দ্র থেকে দূরত্বের সাথে অভিকর্ষজ ত্বরণের সম্পর্ক নির্দেশক লেখচিত্র-



একজন গবেষক পৃথিবী পৃষ্ঠ হতে নির্দিষ্ট উচ্চতায় অভিকর্ষ ত্বরণের মান ভূপৃষ্ঠের g-এর মানের 40% পেলেন।

নিচের প্রশ্ন দুটির উত্তর দাও

২০। ঐ স্থানের উচ্চতা কত?

ক) 3.8×10^6m

খ) 3.7×10^6m

গ) 3.6×10^6m

ঘ) 3.5×10^6m

২১। পৃথিবীর কেন্দ্র হতে কত দূরত্বে অভিকর্ষজ ত্বরণ একই পরিমাণ অভিকর্ষজ ত্বরণ পাবে?

ক) 3.56×10^6m

খ) 2.56×10^6m

গ) 1.56×10^6m

ঘ) 0.5×10^6m

২২। নিচের কোনটি এনট্রপির একক?

ক) J k^{-1}

খ) Jk

গ) J k^{-2}

ঘ) J k^2

২৩। রুদ্ধতাপীয় পরিবর্তনের বৈশিষ্ট্য হলো-

i) এটি একটি অতি দ্রুত প্রক্রিয়া

ii) এই পরিবর্তনে তাপমাত্রা স্থির থাকে

iii) এই পরিবর্তনে পাত্রটি কুপরিবাহী হওয়া দরকার।

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii

খ) ii ও iii

গ) i ও iii

ঘ) i, ii ও iii

একটি তাপ ইঞ্জিনের কার্যকর ব্যাস 600k তাপমাত্রায় উৎস হতে 1200J তাপ গ্রহণ করে এবং শীতল তাপধারে 300J তাপ বর্জন করে। নিচের প্রশ্ন দুটির উত্তর দাও।

২৪। শীল আধারের তাপমাত্রা কত?

ক) 150 K

খ) 300 K

গ) 600 K

ঘ) 2400 K

২৫। ইঞ্জিনটির দক্ষতা কত?

ক) 44%

খ) 50%

গ) 60%

ঘ) 75%

সাতকানিয়া সরকারি কলেজ

একাদশ শ্রেণির সাময়িক পরীক্ষা ২০২১ খ্রি.

বিষয়ঃ পদার্থ বিজ্ঞান

সৃজনশীল প্রশ্ন

সময়ঃ ২ ঘন্টা ৩৫ মিনিট পূর্ণমানঃ ৫০

[দ্রষ্টব্যঃ ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

১। তিনটি ভেক্টর রাশি যথাক্রমে $\vec{A} = 4\hat{\imath} + 3\hat{\jmath} + 5\hat{k}, \vec{B} = 2\hat{\imath} + \hat{\jmath} + 2\hat{k}, \vec{C} = x^2y\hat{\imath} + yz^3\hat{\jmath} + z^2x\hat{k},$

ক) সমতলীয় ভেক্টর কাকে বলে? ১

খ) বালির উপর দিয়ে হাটা কষ্টকর কেনো? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের $\vec{A}$ ও $\vec{B}$ ভেক্টরদ্বয়ের লম্ব দিকে একটি একক ভেক্টর নির্ণয় কর। ৩

ঘ) উদ্দীপকে $\vec{C}$ ভেক্টরের কর্ণের ডাইভারজেন্স শূণ্য কিনা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২। দেয়া আছে,

$\vec{A} = 2\hat{\imath} + 2\hat{\jmath} - 3\hat{k}, \vec{B} = \hat{\imath} + 2\hat{\jmath} + 4\hat{k}, \vec{C} = 2\hat{\imath} + 2\hat{\jmath} + \hat{k},$

ক) স্বীকার্য কী? ১

খ) মাত্রা সমীকরণ কী? উদাহরণসহ ব্যাখ্যা কর। ২

গ) $\vec{A}$ ও $\vec{B}$ এর মধ্যবর্তী কোণ কত? ৩

ঘ) ভেক্টর তিনটি একই সমতলে অবস্থান করে কিনা?- গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

৩।



উপরের চিত্রে একটি প্রাসের গতি দেখানো হলো।

ক) সরণ কাকে বলে? ১

খ) দূরত্ব-সময় লেখচিত্র থেকে বেগ ব্যাখ্যা কর। ২

গ) প্রাসটির সর্বাধিক উচ্চতা হিসাব কর। ৩

ঘ) প্রাসটির অনুভূমিক পাল্লা ও AB অংশের কতগুণ? ৪

৪। 1500 kg ভরের একটি ট্রাক $60kmh^{-1}$ বেগে চলতে চলতে থেমে থাকা একটি গাড়ীর সাথে ধাক্কা খেয়ে সংযুক্ত অবস্থায় $50kmh^{-1}$ বেগে চলতে থাকে।

ক) ঘাত বল কী? ১

খ) উদাহরণসহ ত্বরণ ব্যাখ্যা কর। ২

গ) স্থির গাড়িটির ভর নির্ণয় কর। ৩

ঘ) উদ্দীপকের সংঘর্ষটি স্থিতিস্থাপক কিনা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫। ভূ-পৃষ্ঠ থেকে 500g ভরের একখন্ড পাথরকে খনির ভেতর মুক্তভাবে ছেড়ে দেয়া হলো। খনির তলদেশে পাথরখন্ডটির ওজন পৃথিবী পৃষ্ঠে এর ওজনের দুই তৃতীয়াংশ। দেয়া আছে, পৃথিবীর গড় ব্যাসার্ধ,

$R=6.4\times10^{6}m$, ভর $M=6\times10^{24}mg$ এবং $G=6.673\times10^{-11}\ Nm^{2}kg^{-2}$

ক) মুক্তি বেগ কাকে বলে? ১

খ) গাছ থেকে ফল বৃন্তচ্যুত হলে উর্ধ্ব দিকে না গিয়ে নিচে নেমে আসে, কারণ সহ ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের খনির গভীরতা নির্ণয় কর। ৩

ঘ) ভূ-পৃষ্ঠ থেকে খনির গভীরতার সমান উচ্চতায় g এর মান খনির তলদেশে এই মানের সমান হবে কিনা? গাণিতিক বিশ্লেষণ পূর্বক মতামত দাও। ৪

৬। একটি সেকেন্ড দোলক ভূ-পৃষ্ঠে সঠিক সময় দেয়। দোলকটি পাহাড়ে নিয়ে গেলে প্রতিদিন তা 10s সময় হারায়। পৃথিবীর ব্যাসার্ধ, R=6400km

ক) গ্রহের গতি সম্পর্কিত কেপলারের সূত্রগুলো বর্ণনা কর। ১

খ) টেলিযোগাযোগের ক্ষেত্রে ভূ-স্থির উপগ্রহের ব্যবস্থার বর্ণনা কর। ২

গ) উদ্দীপকের পাহাড়ের উচ্চতা কত? ৩

ঘ) কী ব্যবস্থা গ্রহণ করলে পাহাড়ে গোলকটির দোলনকাল অপবিরবর্তিত থাকবে? ৪

৭।



উপরের চিত্রের দন্ডটির দৈর্ঘ্য

50cm, ভর 0.6 kg এবং দন্ডটির মধ্যে ফিরে গমণকারী অক্ষের সাপেক্ষে প্রতি মিনিটে 45 বার আবর্তন করেছে।

ক) কৌণিক বেগ কাকে বলে? ১

খ) উদাহরণসহ টক ব্যাখ্যা কর। ২

গ) চিত্রে দন্ডটির ঘূর্ণন গতিশক্তি নির্ণয় কর। ৩

ঘ) যদি AB অক্ষকে প্রান্তে নিয়ে আসা হয় তবে কৌণিক ভরবেগের পরিবর্তন হবে কিনা গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৮। 1KW ক্ষমতার একটি ইলেকট্রনিক ক্যাটলী গ্রীষ্মকালে 1লিটার পানি 5 Minute এ ফোটে। কিন্তু শীতকালে একই পরিমাণ পানি ফুটতে 1 minute সময় বেশী লাগে। কক্ষতাপমাত্রার তারতম্যের কারণে এরূপ ঘটে।

ক) রুদ্ধতাপীয় প্রক্রিয়া কাকে বলে? ১

খ) বরফ গলে পানি পরিবর্তিত হলে প্রত্যাবর্তী না কি অপ্রত্যাবর্তী প্রক্রিয়া সংঘটিত হয়- ব্যাখ্যা কর। ২

গ) শীতকালে ক্যাটলীতে উৎপন্ন তাপ ক্যালরিতে নির্ণয় কর।

ঘ) কক্ষ তাপমপাত্রা নির্ণয় করে উদ্দীপকের শেষোক্ত উক্তিটির সত্যতা নির্ণয় কর। ৪